

ডুয়েট শিক্ষক সমিতির নির্বাচন

সভাপতি আসাদুজ্জামান সম্পাদক রাজু

গাজীপুর প্রতিনিধি

গাজীপুরস্থ ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট) শিক্ষক সমিতির নির্বাচন সম্পন্ন হয়েছে। এতে সভাপতি নির্বাচিত হয়েছেন যন্ত্রকৌশল বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. মোহাম্মদ আসাদুজ্জামান চৌধুরী ও সাধারণ সম্পাদক হয়েছেন ড. রাজু আহমেদ। ডুয়েট পাবলিকেশন-কাম ইনফর্মেশন অফিসার কামরুন নাহার জানান, বৃহস্পতিবার শিক্ষক সমিতির নির্বাচিত প্রার্থীদের চূড়ান্ত নামের তালিকা প্রকাশ করা হয়। এগারো সদস্যের কমিটির প্রত্যেকেই বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। শিক্ষক সমিতির অন্য নেতারা হলেন সহ-সভাপতি পুরকৌশল বিভাগের সহযোগী অধ্যাপক ড. আবদুস সালাম, যন্ত্র সম্পাদক যন্ত্রকৌশল বিভাগের সহকারী অধ্যাপক মোস্তাফিজুর রহমান, কোষাধ্যক্ষ পুরকৌশল বিভাগের সহকারী অধ্যাপক মনোয়ার হোসেন, সাংস্কৃতিক সম্পাদক মানবিক ও সামাজিক বিজ্ঞান বিভাগের প্রভাষক মাজহারুল আলম, ক্রীড়া সম্পাদক যন্ত্রকৌশল বিভাগের প্রভাষক শাওন তালুকদার, মহিলা সম্পাদক কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক সুমাইয়া কাজরী এবং কার্গিনির্বাধী কমিটির সদস্যরা হলেন পুরকৌশল বিভাগের অধ্যাপক ড. গণেশ চন্দ্র সাহা, গণিত বিভাগের অধ্যাপক ড. মাহমুদ আলম ও টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক ড. আবদুস সাহিদ।